মেলান্দহের মাহমুদপুরে বিট পুলিশিং মতবিনিময় সভা অনুষ্ঠিত

মোঃ রুহুল আমিন রাজু জামালপুর প্রতিনিধিঃ “বিট পুলিশিং বাড়ি বাড়ি, নিরাপদ সমাজ গড়ি’’ এই স্লোগানকে সামনে রেখে ও পুলিশের সেবা মানুষের দোরগোড়ায় পৌছে দিতে জামালপুর জেলার মেলান্দহ উপজেলার ৩নং মাহমুূূদপুর ইউনিয়নের মাহমুদপুর বাজারে নতুন পুলিশ তদন্ত থানার সামনে জেলা পুলিশ জামালপুর কর্তৃক সচেতনতামূলক বিট পুলিশিং কার্যক্রম এর মাধ্যমে নারী নির্যাতন, মাদক, সন্ত্রাস, বাল্যবিবাহ, ইভটিজিং ও অপরাধ প্রতিরোধ সংক্রান্ত আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গত ১৩ অক্টোবর বুধবার বিকাল ৩ ঘটিকায় উক্ত মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন জামালপুর জেলার সুযোগ্য জনবান্ধন সাংবাদিক বান্ধব মানবিক পুলিশ সুপার সৈয়দ রফিকুল ইসলাম পিপিএম সেবা মহোদয়। উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মেলান্দহ থানার অফিসার ইনচার্জ মোহাম্মদ মাসুদুজ্জামান। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থেকে আরো বক্তব্য রাখেন জামালপুর জেলার সুযোগ্য অতিরিক্ত পুলিশ সুপার ক্রাইম এন্ড এপস মোঃ সোহেল মাহমুদ, বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন ইসলামপুর সার্কেল সিনিয়র সহকারী পুলিশ সুপার অভিজিৎ দাস। মেলান্দহ থানার সেকেন্ড অফিসার এসআই মাসুদুর রহমানের সঞ্চালনায় বক্তব্য রাখেন মেলান্দহ থানার মাহমুদপুর তদন্ত কেন্দ্রের ইনচার্জ এসআই মোঃ দেলোয়ার হোসেন। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন মাহমুদপুর ইউনিয়ন বিএনপির আহ্বায়ক আলহাজ্ব আব্দুস সাত্তার, সদস্য সচিব তৈয়বুর রহমান মাষ্টার, জেলা বিএনপির সাবেক সম্পাদক নুরে আলম তালুকদার রুনু, মাহমুদপুর ইউনিয়ন বিএনপির যুগ্ম আহবায়ক মাওলানা আলাউদ্দিন, যুগ্ম আহবায়ক আব্দুল মান্নান, আরো বক্তব্য রাখেন মাহমুদপুর,জামায়াতের আমীর আতাউল রহমান, ইসলামী আন্দোলনের সভাপতি মাওলানা মাহাদি হাসান, মেলান্দহ উপজেলা ছাত্র শিবিরের সভাপতি আরিফুল ইসলাম, গণঅধিকার পরিষদের উপজেলা সভাপতি আরিফুল ইসলাম তুহিনসহ স্হানীয় সুখী বৃন্দ।

প্রধান অতিথি জামালপুরের পুলিশ সুপার সৈয়দ রফিকুল ইসলাম বলেন আমি